

চট্টগ্রাম শিক্ষা বোর্ডে ৫ বছরের মধ্যে পাসের হার সর্বনিম্ন

নূপুর দেব,
চট্টগ্রাম

১৫ অক্টোবর,
২০২৪ ১৩:৫৯

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় চট্টগ্রাম শিক্ষা বোর্ডে পাসের হার ৭০ দশমিক ৩২ শতাংশ। যা সর্বশেষ গত ৫ বছর পাসের হারের মধ্যে সর্বনিম্ন। এই সময়ে ক্রমান্বয়ে প্রতিবছর (২০২০ থেকে চলতি বছর পর্যন্ত)

এইচএসসি পরীক্ষায় পাসের হার কমলেও গত বছরের তুলনায় এবার জিপিএ ৫ পাওয়া শিক্ষার্থীর সংখ্যা বেশি। তবে তার আগের তিন বছর (২০২০ থেকে ২০২২ সাল পর্যন্ত) জিপিএ ৫ প্রাপ্ত ছাত্রছাত্রীর সংখ্যা বেশি ছিল।

এ ছাড়া এই শিক্ষা বোর্ডে এবারও ছাত্রদের চেয়ে ছাত্রীরা পাসের হার ও জিপিএ ৫ প্রাপ্তিতে এগিয়ে আছে।

আজ মঙ্গলবার (১৫ অক্টোবর) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এইচএসসি পরীক্ষা ২০২৪ সালের প্রকাশিত ফল পর্যালোচনা করে এসব তথ্য জানা যায়। শিক্ষা বোর্ডের অডিটরিয়ামে এবার এইচএসসি পরীক্ষার ফল প্রকাশ করা হয়। ফল প্রকাশ অনুষ্ঠান ও সংবাদ সম্মেলনে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম শিক্ষা বোর্ড চেয়ারম্যান অধ্যাপক রেজাউল করিম।

ফলাফল ঘোষণা করেন বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক এ এম এম মুজিবুর রহমান।

আরো পড়ুন



ময়মনসিংহ শিক্ষা বোর্ডে পাসের হার ৬৩ দশমিক ২২ শতাংশ, এগিয়ে
মেয়েরা

প্রকাশিত ফলাফল পর্যালোচনায় দেখা যায়, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড চট্টগ্রামে এবার এইচএসসি পরীক্ষায় পাসের হার ৭০ দশমিক ৩২ শতাংশ। যা গতবার (২০২৩) ছিল ৭৪ দশমিক ৪৫ শতাংশ। এর আগে

যথাক্রমে ২০২২ সালে ৮০ দশমিক ৫০ শতাংশ; ২০২১ সালে ৮৯ দশমিক ৩৯ শতাংশ এবং ২০২০ সালে ১০০ শতাংশ (করোনার কারণে পরীক্ষা না হওয়ায় অটোপাস)।

এ ছাড়া এবার জিপিএ ৫ পেয়েছে ১০ হাজার ২৬৯ জন। এর মধ্যে ছাত্রী ৫৭৫৯ জন এবং ছাত্র ৪৫১০ জন। আর ২০২৩ সালে জিপিএ ৫ পেয়েছিল ছয় হাজার ৩৩৯ জন। এর আগের তিন বছর জিপিএ ৫ বেশি ছিল। এর মধ্যে ২০২২ সালে ১২ হাজার ৬৭০ জন, ২০২১ সালে ১৩ হাজার ৭২০ জন এবং ২০২০ সালে ১২ হাজার ১৪৩ জন ছাত্রছাত্রী জিপিএ ৫ পেয়েছিল।

প্রকাশিত ফলাফলে দেখা যায়, ২০২৪ সালে অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষায় চট্টগ্রাম শিক্ষা বোর্ডে ২৮২টি কলেজের মোট পরীক্ষার্থী ছিল এক লাখ ছয় হাজার ২৯৮ জন শিক্ষার্থী। এর মধ্যে পরীক্ষায় অংশ নেন এক লাখ পাঁচ হাজার ৪১৬ জন। তাদের মধ্যে পাস করেছেন ৭৪ হাজার ১২৫ জন। যা গতবারের তুলনায় এবার পাসের হার ৪ দশমিক ১৩ শতাংশ কম। তিনটি শাখার মধ্যে পাসের হার বিজ্ঞানে ৯১ দশমিক ৩৩ শতাংশ, ব্যবসায় শিক্ষা বিভাগে ৭৩ দশমিক ৫২ শতাংশ এবং মানবিক বিভাগে ৫৭ দশমিক ১১ শতাংশ।

আরো পড়ুন



যশোর বোর্ডে ১৩ শিক্ষাপ্রতিষ্ঠানে শতভাগ পাস, ৭ প্রতিষ্ঠানে ফেল সবাই

এবার ছাত্র পাসের হার ৬৭ দশমিক ৭২ শতাংশ। ছাত্রী পাসের হার ৭২ দশমিক ৪৯ শতাংশ। ছাত্রদের মধ্যে জিপিএ ৫ পেয়েছে চার হাজার ৫১০ জন। ছাত্রীদের মধ্যে জিপিএ ৫ পেয়েছে পাঁচ হাজার ৭৫৯ জন। এই হিসাবে এবারও ছাত্রদের চেয়ে ছাত্রীরা পাসের হার ও জিপিএ ৫ প্রাপ্তির সংখ্যা- দুই দিক থেকেই এগিয়ে।